# সুনান ইবনু মাজাহ

হাদিস নাম্বারঃ ১১৪২

৫/ সালাত কায়িম করা ও নিয়ম-কানুন (كتاب إقامة الصلاة والسنة)

পরিচ্ছেদঃ ৫/১০০. বারো রাক‘আত সুন্নাতের বর্ণনা।

بَاب مَا جَاءَ فِي ثِنْتَيْ عَشْرَةَ رَكْعَةً مِنْ السُّنَّةِ

আরবী

حَدَّثَنَا أَبُو بَكْرِ بْنُ أَبِي شَيْبَةَ، حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ سُلَيْمَانَ بْنِ الأَصْبَهَانِيِّ، عَنْ سُهَيْلٍ، عَنْ أَبِيهِ، عَنْ أَبِي هُرَيْرَةَ، قَالَ قَالَ رَسُولُ اللَّهِ ـ صلى الله عليه وسلم ـ " مَنْ صَلَّى فِي يَوْمٍ ثِنْتَىْ عَشْرَةَ رَكْعَةً بُنِيَ لَهُ بَيْتٌ فِي الْجَنَّةِ رَكْعَتَيْنِ قَبْلَ الْفَجْرِ وَرَكْعَتَيْنِ قَبْلَ الظُّهْرِ وَرَكْعَتَيْنِ بَعْدَ الظُّهْرِ وَرَكْعَتَيْنِ ـ أَظُنُّهُ قَالَ ـ قَبْلَ الْعَصْرِ وَرَكْعَتَيْنِ بَعْدَ الْمَغْرِبِ ـ أَظُنُّهُ قَالَ ـ وَرَكْعَتَيْنِ بَعْدَ الْعِشَاءِ الآخِرَةِ " .

বাংলা

৩/১১৪২। আবূ হুরাইরাহ (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ যে ব্যক্তি দৈনিক বারো রাকআত (সুন্নাত) সালাত (নামায/নামাজ) পড়লো, তার জন্য জান্নাতে একটি প্রাসা’দ নির্মাণ করা হয়। ফজরের (ফরযের) পূর্বে দু রাকআত, যোহরের (ফরজের) পূর্বে দু রাকআত এবং পরে দু রাকআত। রাবী বলেন আমার ধারণা মতে তিনি বলেছেনঃ আসরের (ফরযের) পূর্বে দু রাকআত, মাগরিবের (ফরযের) পরে দু রাকআত এবং আমার ধারণা মতে তিনি বলেছেনঃ এশার (ফরযের) পরে দু রাকআত।

## English

It was narrated that Abu Hurairah said:
“The Messenger of Allah (ﷺ) said: ‘Whoever performs twelve Rak’ah (of Sunnah) each day, a house will be built for him in Paradise: two Rak’ah before Fajr, two Rak’ah before the Zuhr, two Rak’ah after the Zuhr, two Rak’ah, I think he said, before ‘Asr, two Rak’ah after Maghrib, and I think he said two Rak’ah after the ‘Isha’.’”

ফুটনোট

তাখরীজ কুতুবুত সিত্তাহ: নাসায়ী ১৮১১

তাহক্বীক্ব আলবানী: হাদীসটি যঈফ; যুহরের পূর্বে ৪ রাকআত এই শব্দে সহীহ। তাখরীজ আলবানী: আবূ দাঊদ ১২৫০ সহীহ, জামি সগীর ৫৭৩৬, ৬৩৬২ সহীহ, ৫৬৫৭, ৫৬৫৮, ৫৬৭২ যঈফ, সহীহাহ ২৩৪৭। উক্ত হাদিসের রাবী সুহায়ল বিন আবু সালিহ সম্পর্কে মোহাম্মাদ বিন মাঈন বলেন, তিনি সিকাহ। সুফইয়ান বিন উয়ায়নাহ বলেন, সাবত। আহমাদ বিন হাম্বল বলেন, তার বর্ণিত হাদিস সহিহ নয়। ইমাম নাসাঈ বলেন, কোন সমস্যা নেই। ইবনু আদী বলেন, তার খবর মাকবুল বা গ্রহণযোগ্য। ইবনু হিব্বান বলেন, তিনি সিকাহ তবে অন্যত্রে বলেন, তিনি হাদিস বর্ণনায় ভুল করেন।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন  বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=14162

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন